150

দৈনিক খবর

তারিখ ...2·8 SEP 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল, বিক্ষোভ প্রতিবাদ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

হাবিব হত্যাকান্ডের বিচারের দাবী এবং ময়জুদ্দিন ও তিতাসের সপ্তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে 'গণতান্ত্রিক ছাত্র ঐক্য' ও বাংলাদেশ ছাত্রলীগ গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

আলাদা আলাদা প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে উভয় সংগঠনই মধুর কেন্টিনের সামনে সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে।

নবগঠিত গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সমাবেশে বক্তৃতা করেন বাংলাদেশ ছাত্রলীগ (সা-শা) সভাপতি আব্দুস সাত্তার খান। তিনি সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সন্ত্রাসের জন্য উদ্বেগ প্রকাশ করে ক্ষমতাসীন ছাত্র সংগঠন ছাত্রদলকে দায়ী করেন। গত বুধবার রাতে জাতীয়তাবাদী ছাত্রদলের সশস্ত্র কর্মীদের গুলীতে হাবিব নিহত হয়। সমাবেশে জনাব সাত্তার হাবিব হত্যাকান্ডের সাথে জড়িত সকলকে গ্রেফতার ও খুনীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন।

অপরদিকে ময়জুদ্দিন ও তিতাসের মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ ছাত্রলীগের (শা-অ) সমাবেশে বক্তৃতা করেন গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী প্রমুখ। নেতৃবৃন্দ স্বৈরাচার বিরোধী আন্দোলনে যারা প্রাণ দিয়েছেন তাদের রুহের মাগফেরাত কামনা করে সকলকে গণতান্ত্রিক প্রক্রিয়া সমুন্নত রাখার আহ্বান জানান।

একই সাথে তারা হত্যা ও ষড়যন্ত্রের রাজনীতি পরিহার করে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণেরও আহ্বান জানান। ছাত্রদলের কর্মীদের গুলীতে নিহত হাবিব হত্যাকান্ডের প্রতিবাদ করে তারা অবিলম্বে ঘটনার সুষ্ঠু বিচার দাবী করেন।